

বি/প্রশা/কর্মচারী(নিয়োগ)/১২/২০২০/৪৯২

তারিখ : ২৮ জানুয়ারী, ২০২৪

জগন্নাথ বিশ্ববিদ্যালয়  
নিয়োগ বিজ্ঞপ্তি


জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের নিম্নবর্ণিত শূন্য পদ পূরণের লক্ষ্যে যোগ্যতা সম্পন্ন বাংলাদেশী নাগরিকদের নিকট থেকে নির্ধারিত ফরমে On line-এ বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে [www.hrm.erp.jnu.ac.bd/employee\\_online\\_application](http://www.hrm.erp.jnu.ac.bd/employee_online_application)] আবেদন আহ্বান করা যাচ্ছে। আবেদন করার যোগ্যতা, অভিজ্ঞতা এবং বিজ্ঞারিত নিয়মাবলি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট [www.jnu.ac.bd](http://www.jnu.ac.bd)-এ পাওয়া যাবে।

ক্রম	পদ	বেতন গ্রেড ও স্কেল	সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১	ড্রাইভার	গ্রেড-১৫ স্কেল:৯৭০০-২৩৪৯০/-	১টি	ক) প্রার্থীকে এসএসসি পাশসহ ড্রাইভিং-এ বিআরটিএর লাইসেন্সধারী হতে হবে। খ) প্রার্থীকে প্রাকটিক্যাল টেস্ট-এ উত্তীর্ণ হতে হবে। গ) পাবলিক বিশ্ববিদ্যালয়ে কমপক্ষে ৫(পাঁচ) বছরের গাড়ী চালানোর অভিজ্ঞতা থাকতে হবে।

২.১ সরাসরি নিয়োগের ক্ষেত্রে সাধারণ শর্তাবলী:

- ২.১.১ আগামী ১৮/২/২০২৪ তারিখের মধ্যে বিশ্ববিদ্যালয় ওয়েব সাইট থেকে নির্ধারিত আবেদন ফরম সংগ্রহ করা যাবে এবং উক্ত তারিখের মধ্যে (সাপ্তাহিক ও সরকারি ছুটির দিন ব্যতীত অফিস চলাকালীন সময় পর্যন্ত) নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে On line এ দাখিলকৃত আবেদন ফরম-এর প্রিন্ট কপিতে রঙিন ছবি যুক্ত করে ৫(পাঁচ) সেট পূর্ণাঙ্গ আবেদনপত্র ডাকযোগে/সরাসরি বা কুরিয়ার সার্ভিসের মাধ্যমে পৌছাতে হবে। নির্ধারিত তারিখ ও সময়ের পর প্রাপ্ত আবেদন বাতিল বলে গণ্য হবে।
- ২.১.২ নিয়োগের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয়ের বিধিবিধান প্রতাপালিত হবে।
- ২.১.৩ শিক্ষাগত যোগ্যতার সনদ, প্রশিক্ষণ ও অভিজ্ঞতা সংক্রান্ত সনদপত্রাদি, জাতীয় পরিচয় পত্র (NID)-এর সত্যায়িত প্রতিলিপি এবং সদ্য তোলা পাসপোর্ট আকারের ৩(তিন) কপি সত্যায়িত ছবি সম্বলিত ৫(পাঁচ) সেট পূর্ণাঙ্গ আবেদনপত্র দাখিল করতে হবে।
- ২.১.৪ শিক্ষা জীবনের কোন স্তরেই ৩য় বিভাগ/শ্রেণী/জিপিএ গ্রহণযোগ্য নয়।
- ২.১.৫ প্রার্থীকে উল্লিখিত পদের জন্য ৩০০.০০ টাকা ওয়েবসাইটে বর্ণিত নিয়মে SureCash/Rocket এর মাধ্যমে Payment করতে হবে।
- ২.১.৬ চাকুরীরত প্রার্থীদেরকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন প্রেরণ করতে হবে।
- ২.১.৭ কর্তৃপক্ষ কোন কারণ প্রদর্শন ব্যতিরেকে যে কোন আবেদনপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন এবং নিয়োগ বিজ্ঞপ্তি প্রচারের কারণে কর্তৃপক্ষ নিয়োগ প্রদান করতে কিংবা ইন্টারভিউ কার্ড ইস্যু করতে বাধ্য থাকবেন না। আবেদনপত্রের সাথে দাখিলকৃত কোন কাগজপত্র ফেরত প্রদান করা হবে না।
- ২.১.৮ অভ্যন্তরীণ প্রার্থীদের ক্ষেত্রে বয়স এবং অনর্জনযোগ্য (unattainable) শিক্ষাগত যোগ্যতার শর্ত শিথিলযোগ্য।
- ২.১.৯ জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে কর্মরত প্রার্থীদের অধিকার দেয়া হবে।
- ২.১.১০ লিখিত পরীক্ষা/সাক্ষাৎকার-এ অংশগ্রহণের জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।
- ২.১.১১ পদ সংখ্যা হ্রাস-বৃদ্ধির ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

উপাচার্য মহোদয়ের আদেশক্রমে,

  
(প্রকৌশলীমোঃওহিদুজ্জামান)  
রেজিস্ট্রার